



ছাত্রদলের নবগঠিত কেন্দ্রীয় কমিটির সভাপতি সাহাব উদ্দিন লালু ও সাধারণ সম্পাদক আজিজুল বারী হেলাল

ছাত্রদলের নয়া কমিটি  
সাহাবউদ্দিন লালু সভাপতি  
আজিজুল বারী হেলাল  
সাধারণ সম্পাদক

স্টাফ রিপোর্টার : সাহাবউদ্দিন লালুকে সভাপতি এবং আজিজুল বারী হেলালকে সাধারণ সম্পাদক করে জাতীয়তাবাদী ছাত্রদলের নয়া কমিটি গঠন করা হয়েছে। বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়া ৭-এর পৃঃ ৭-এর তাঃ দেখুন

ছাত্রদলের নয়া কমিটি

প্রথম পৃষ্ঠায় পর গতকাল (বুধবার) ছাত্রদলের কেন্দ্রীয় আহ্বায়ক কমিটি বিলুপ্ত করে এই নয়া কমিটির ঘোষণা দেন। নতুন কমিটিতে সিনিয়র সহ-সভাপতি সুলতান সালাহউদ্দিন টুকু, যুগ্ম সম্পাদক সেলিমুজ্জামান সেলিম এবং সাংগঠনিক সম্পাদক হিসেবে শফিউল বারী বাবুব নাম রাখা হয়েছে। বিএনপি'র ছাত্রবিভাগ সম্পাদক আমানউল্লাহ আমান হাকরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয় যে, কমিটির অন্যান্য কর্মকর্তা ও সদস্যদের নাম পরবর্তীতে ঘোষণা করা হবে। অন্যদিকে ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রদলের নয়া কমিটি গঠন করা হয়েছে। নবগঠিত কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদক হলেন যথাক্রমে আমিরুল ইসলাম বান আলীম ও হাসান মামুন।

উল্লেখ্য, গতকাল (বুধবার) ছিল জাতীয়তাবাদী ছাত্রদলের ২৪তম প্রতিষ্ঠা বার্ষিকী। এ উপলক্ষে কেন্দ্রীয় আহ্বায়ক কমিটি আয়োজিত পুনর্মিলনী অনুষ্ঠানে বিএনপি চেয়ারপার্সন প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।